2

তারিখ 19 OCT 1994
পৃষ্ঠা ৫ কলাম ৮

দৈনিক বাংলা

# আজ ক্যাডেট কলেজ পরিষদের বৈঠক

রংপুর, ১৮ অক্টোবর।–বাংলাদেশ ক্যাডেট কলেজ পরিষদের দুদিনব্যাপী এক বৈঠক রংপুর ক্যাডেট কলেজে বুধবার শুরু হচ্ছে।

ক্যাডেট কলেজগুলোর বিভিন্ন সমস্যা ও সেগুলোর সম্ভাব্য সমাধান, দেশে ক্যাডেট কলেজ শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে প্রণীত চলতি উন্নয়ন প্রকল্প ও ভবিষ্যৎ উন্নয়ন প্রকল্পসমূহ পর্যালোচনা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় নিয়ে বৈঠকে আলোচনা হবে। খবর আইএসপিআর বিজ্ঞপ্তির।

বাংলাদেশে ক্যাডেট কলেজ শিক্ষার সর্বোচ্চ নীতি নির্ধারনী সংস্থা ক্যাডেট কলেজ পরিষদ পর্যায়ক্রমে বিভিন্ন ক্যাডেট কলেজে বছরে দুবার মিলিত হয়। সর্বশেষ বৈঠক গত ডিসেম্বর মাসে সিলেট ক্যাডেট কলেজে অনুষ্ঠিত হয়।

ক্যাডেট কলেজ পরিষদের চেয়ারম্যান ও প্রতিরক্ষা সচিব জনাব মোঃ হাসিনুর রহমান এই বৈঠকে সভাপতিত্ব করবেন।

ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের চেয়ারম্যান ও বাংলাদেশ সেনাবাহিনীর এডজুট্যান্ট জেনারেল মেজর জেনারেল আমিন আহমেদ চৌধুরী, বীর বিক্রম, প্রতিরক্ষা, শিক্ষা ও অর্থ মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনের পদস্থ কর্মকর্তাবৃন্দ, সেনা, নৌ ও বিমানবাহিনীর প্রতিনিধিবৃন্দ এবং ক্যাডেট কলেজের অধ্যক্ষগণ আলোচনায় অংশ নিবেন।